মুজিবনগরে আওয়ামী লীগের সম্মেলনে ধাওয়া-পালটা ধাওয়া

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের চেয়ারে বসাকে কেন্দ্র করে দুপক্ষের কর্মী সমর্থকদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও ভাংচুরের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের বেশ কয়েকজন আহত হয়। তবে আহতদের পরিচয় জানা যায় নি।

সোমবার সকাল ১১টার দিকে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের মিলনায়তনে জেলা আওয়ামী লীগ সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাসের কর্মী সমর্থকবদের মধ্যে এ ঘটনা ঘটে।

পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে নিতে লাঠি চার্জ শুরু করলে উভয় পক্ষের নেতাকর্মীরা ছত্রভঙ্গ হয়ে যায়। পরে কেন্দ্রীয় নেতারা সম্মেলন স্থলে পৌছালে সম্মেলনের প্রথম অধিবেশন শুরু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে সম্মেলন শুরু হওয়ার ঠিক আগমূহুর্তে চেয়ারে বসা ও স্লোগান দেওয়াকে কেন্দ্র করে জেলা আওয়ামী লীগ সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাসের কর্মী সমর্থকবদের মধ্যে উত্তেজনা শুরু হয়। এসময় উত্তেজনা ছড়িয়ে পড়লে দুপক্ষের কর্মীরা চেয়ার ছুড়ে ও লাঠি সোটা নিয়ে একে অপরের উপর হামলা চালায়। পুলিশ টের পেয়ে লাঠিচার্জ শুরু করলে উভয়পক্ষের কর্মীরা ছত্রভঙ্গ হয়ে যায়। এতে কয়েকজন আহত হয়।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, সম্মেলন শুরুর সময় দুপক্ষের কর্মীদের মধ্যে উত্তেজনা, ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেয়। এতে উভয় পক্ষের কয়েকজন আহত হয়েছে। এছাড়া সম্মেলন শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয়েছে।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিশ্ব মা দিবস ২০২২ পালিত

ঝিনাইদহের হরিণাকুন্ডতে যথাযত মর্যাদায় পালিত হলো বিশ্ব মা দিবস ৷ শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা এই স্নোগানে হরিণাকুন্ড উপজেলা প্রশাসন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার এর উদ্যোগে আজ সোমবার বেলা ১১ ঘটিকায় সময় জোড়াপুকুরিয়া বৃদ্ধাশ্রমে বিশ্ব মা দিবস পালিত হয় ৷

পবিত্র কোরআন পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ ফারুক হোসেন, অফিসার ইনচার্জ তদন্ত রিয়াজুল হক, যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ বেল্লাল হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা, প্যানেল মেয়র মোঃ সিদ্দিকুর রহমান, কমিশনার আঃ রাজ্জাক, হরিণাকুন্ড প্রেসক্লাব যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, সৌরভ হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম ও অত্র ব্রদ্ধাশ্রমের ইসমত আরা সহ বিভিন্ন এলাকা থেকে আসা বৃদ্ধা মায়েরা উপস্থিত ছিলেন

উক্ত অনুষ্ঠানে বক্তারা মা দিবস উপলক্ষে মাকে নিয়ে স্মৃতি চারন করেন ও আবেগে আপ্লুত হয়ে পড়েন ৷

আজ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন

আজ ৯ মে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্মেলনকে ঘিরে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের নেতাকর্মীদের মাঝে প্রাণ সঞ্চার সৃষ্টি হয়েছে।

সম্মেলনে যোগ দিবেন বাংলাদেশ আওয়ামী লীগের খুলনা বিভাগীয়

সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সদস্য পারভিন জামান কল্পনা।

সভাপতি প্রার্থী হিসেবে বর্তমান সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সদস্য রফিকুল ইসলাম তোতা।

সাধারণ সম্পাদক প্রার্থী হিসেবে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন- মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নাসির উদ্দিন বাবলু।

দলীয় সূত্রে জানা গেছে, ২০১৬ সালের ২০ ফেব্রুয়ারি সর্বশেষ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কাউন্সিল হয়েছে। ওই কাউন্সিলে মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস সভাপতি এবং মহাজনপুর ইউনিয়ন চেয়ারম্যান আমাম হোসেন মিলু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছিলেন।

মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলন উপলক্ষে ইতিমধ্যে সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাস ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের অনুসারীরা পৃথক পৃথক ওয়ার্ড কমিটি গঠণ করে। যা নিয়ে বিতর্ক সৃষ্টি হলে কেন্দ্র উভয় কমিটি বাতিল করে।

চুয়াডাঙ্গায় রেড ক্রিসেন্টের প্রতিষ্ঠা বার্ষিক পালন

মানবতাই শক্তি’ এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত হয়েছে। এই দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভাও অনুষ্ঠিত হয়।

রোববার সকালে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা

ইউনিটের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে ইউনিট কার্যালয়ে আলোচনা সভা স্থলে মিলিত হয়।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটের সেক্রেটারী শহিদুল ইসলাম সাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্ট ইউনিটের ভাইস চেয়ারম্যান এ্যাড. সোহরাব হোসেন।

এ সময় প্রধান অতিথি বক্তব্য তিনি বলেন, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি তার জন্মলগ্ন থেকে আত্মমানবতার সেবায় কাজ করে যাচ্ছে। মানবতার সেবার মন মানষিকতা নিয়ে হেনরি ডুনান্ট রেড ক্রস ও রেড ক্রিসেন্ট প্রতিষ্ঠা করেছিলেন।

আত্মমানবতার সেবায় নিয়োজিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটি বিশ্বব্যাপী দুর্যোগ কবলিত অসহায়, দুস্থ্য এবং ক্ষতিগ্রস্থ মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্ট ইউনিটের কার্যনির্বাহী কমিটি অন্যতম সদস্য রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন, এ্যাড. রফিকুল ইসলাম,এ্যাড. মুকুল, এ্যাড. শফিকুল ইসলাম শফি,হাবিবউল্লাহ জোঃ,আসাদুজ্জামান কবির সহ চুয়াডাঙ্গা জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের জেলা সাবেক যুব প্রধান সিনিয়র আরসিওয়াই উবাইদুল ইসলাম তুহিন, বর্তমান জেলা যুব প্রধান জাহাঙ্গীর আলম ও উপজেলা যুব প্রধান শাহীন, বিপ্লব, আবু বক্কর সহ বিভিন্ন ইউনিট থেকে আগত যুব প্রধানবৃন্দ।

মুজিবনগরে অপহরণ করে মুক্তিপন আদায়ের ঘটনায় ৩ আসামী গ্রেফতার

মুজিবনগরে অপহরণ করে মুক্তিপন বাবদ চাঁদা আদায়ের ঘটনায় ৩ আসামীকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ। এ বিষয়ে প্রেস ব্রিফিং করেছেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল।

লিখিত প্রেস ব্রিফিং এর মাধ্যমে সাংবাদিকদের জানান, অপহরণ মামলাটি অতি গুরুত্বর সাথে নিয়ে মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের সার্বিক তত্বাবধানে এবং নির্দেশনায় মুজিবনগর থানা পুলিশ মামলার তদন্তকারী অফিসার পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল, মেহেরপুর জেলা গোয়েন্দা শাখা এবং মেহেরপুর সাইবার ক্রাইম ইউনিট এর সমন্বয়ে গঠিত টিম নিয়ে মামলার তদন্ত শুরু করা হয়। প্রায় ১ মাস তদন্ত শেষে বিভিন্ন তথ্য প্রমান সংগ্রহ করে ঘটনার সহিত জড়িত ৩ জন আসামীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলেন, মেহেরপুর সদর উপজেলার সোনাপুর মালিথাপাড়ার মৃত হায়দার আলীর ছেলে আব্দুল কুদ্দুস (২৭) একই গ্রামের মৃত ইসমাইল হোসেনের ছেলে শহিদুল (৩৫) ও চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার দুলালনগর গ্রামের জামাল উদ্দীন খান এর ছেলে খায়রুল ইসলাম তপন (২৮)।

গ্রেফতারের পর রবিবার সকালে তাদের বাংলাদেশ পেনাল কোড ধারা- ৩৬৫/৩৮৫/৩৮৬ ধারায় মামলা দিয়ে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। যার মামলা নং-০২। মুজিবনগর থানা।

লিখিত প্রেস ব্রিফিংয়ে আরো জানান, গ্রেফতার পরবর্তী জিজ্ঞাসাবাদে আসামী আব্দুল কুদ্দুস, শহিদুল ঘটনার সহিত জড়িত থাকার বিষয়টি অকপটে স্বীকার করে এবং তারা স্বেচ্ছায় বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তি মূলক জবানবন্দি প্রদান করেন।

আসামীরা ঘটনার সহিত জড়িত অপরাপর সহযোগী আসামীদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যাদি প্রদান করে। আসামীদ্বয়ের প্রদত্ত তথ্যাদি সতর্কভাবে যাচাই বাছাই সহ ঘটনার সহিত জড়িত অন্যান্য পলাতক সহযোগী আসামীদের গ্রেফতারের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখা হইয়াছে।

উল্যেখ্য যে গত ইং ১লা এপ্রিল রাত্রী আনুমানিক ৯ ঘটিকার সময় মুজিবনগর থানাধীন গোপালপুর গ্রামস্থ হাতিরখাল নামক স্থানে নিজের মাঠের কচুক্ষেতের জমিতে স্যালো মেশিন দিয়ে সেচ দেওয়ার সময় কয়েকজন লোক চাঁদা নেয়ার উদ্দ্যেশে গোপালপুর গ্রামের শাহাবদ্দীন শেখের ছেলে আঃ মালেক ও তার ভাই শফিকুল ইসলামকে অপহরন করে।

অপহরনের পর অপহরণকারীদের ৩ লক্ষ ২০ হাজার টাকা মুক্তিপণ দিয়ে ভোরে তারা বাড়ি ফিরে। পরে আঃ মালেক বাদী হয়ে অজ্ঞাতনামা ১৪/১৫

জন আসামী করে মুজিব নগর থানায় একটি অপহরন মামলা দায়ের করে।

মেহেরপুরে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

“মানবতার সংকট ও রবীন্দ্রনাথ শীর্ষক” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬১ তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ও শিল্পকলা একাডেমীর সভাপতি ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, ইসলামিক বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ইয়াসমিন আরা সাথী, বিশিষ্ট ছড়াকার রফিকুর রশীদ, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম প্রমুখ।

এছাড়াও এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ নাজমুল হুদা, সহকারী কমিশনার গোলাম রাব্বানী সোহেল, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দরা সঙ্গীত, নৃত্য ও কবিতা পরিবেশন করে অতিথি ও সাধারন জনগনের মন জয় তোলে।

কোটচাঁদপুরে বিশ্ব ‘মা’ দিবস পালিত

‘শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে পালিত হয়েছে বিশ্ব ‘মা’ দিবস। দিবসটি উপলক্ষে রবিবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়ের সভাপতিত্বে অনষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক কমান্ডার মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল।

মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম সহ বিভিন্ন শ্রেণী-পেশার নারী। অনুষ্ঠানে সন্তানরা মায়েদের সম্মানার্থে তাদের পা ধুয়ে দেন।

সভাপতি বুলবুল, সাধারণ সম্পাদক জুয়েল

অনেক জল্পনা কল্পনার পর অবশেষে দীর্ঘ ১৮ বছর পর অনুষ্ঠিত হলো মেহেরপুর পৌর আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন। মেহেরপুর পৌর

আওয়ামী লীগের সভাপতি হিসেবে ইকবাল হোসেন বুলবুল ও সম্পাদক হিসেবে অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন জুয়েল এর নাম ঘোষনা করা হয়। ১৬ জন কাউন্সিলরের ভোটের মাধ্যমে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়।

রবিবার রাত ১০ টার দিকে পৌর অডিটোরিয়ামে অনুষ্ঠিত সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে সভাপতি ও সম্পাদকের নাম ঘোষনা করেন বি এম মোজাম্মেল হক।

এর আগে বাংলাদেশে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক সন্ধ্যার পর থেকে সকল প্রার্থীদের নিয়ে ২য় অধিবেশন করেন।

এসময় উপস্থিত ছিলেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা এমপি, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর-১ আসনের সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, সাবেক প্রশাসক অ্যাড. মিয়াজান আলী, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সহ সভাপতি অ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাবেক সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সরফরাজ হোসেন মৃদুলসহ জেলা ও উপজেলা আওয়ামী লীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জন্মের পর থেকে আ.লীগ এদেশের মানুষের জন্য লড়াই করছে,

সংগ্রাম করছে

মেহেরপুর পৌর আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে বি. এম মোজাম্মেল হক বলেন, আওয়ামী লীগ এদেশের মানুষের মুক্তির কথা চিন্তা করে।

এদেশের সকল শ্রেণী পেশার মানুষের মৌলিক মানবাধিকার প্রতিষ্ঠার জন্য জন্মের পর থেকে আওয়ামী লীগ লড়াই করছে, সংগ্রাম করছে। আওয়ামী লীগ সেই মূলমন্ত্রকে ধারণ করে সামনের দিকে এগিয়ে গিয়েছে।

আওয়ামী লীগ মানুষের অর্থনৈতিক মুক্তির কথা বলেছে মানুষের রাজনৈতিক সামাজিক মুক্তির কথা বলেছে। আওয়ামী লীগ গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার কথা বলেছে। আওয়ামী লীগের লক্ষ্য ছিলো মানুষের মৌলিক মানবাধিকার প্রতিষ্ঠা, মানুষের সকল অধিকার প্রতিষ্ঠার।

প্রতিটি মানুষ পেট ভরে ভাত খাবে, প্রতিটি মানুষের পরনে কাপড় থাকবে, বাসস্থানের নিশ্চয়তা থাকবে, প্রতিটি মানুষ রোগাক্রান্ত হলে নিশ্চিতভাবে চিকিৎসাসেবার অধিকার পাবে এবং প্রতিটি ধনী, দরিদ্র, সর্বহারা, বাস্তুুচ্যুত প্রতিটি মানুষের সন্তান লেখাপড়ার সুযোগ পাবে এমন একটি রাষ্ট্রের চিন্তা করেই সেই রাষ্ট্রের জন্য লড়াই করে বঙ্গবন্ধু শেখ মুজিব আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন।

তিনি আরও বলেন, এদেশের গণ মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য বঙ্গবন্ধু আওয়ামী লীগের হাল ধরেছিলেন। আওয়ামী লীগকে তৃণমূল পর্যন্ত পৌছে দিয়েছেন বঙ্গবন্ধু।

বঙ্গবন্ধুর অসমাপ্ত স্বপ্নকে পূরণ করার জন্য অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা। রবিবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত মেহেরপুর পৌর আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে তিনি এ কথা বলেন।

পৌর আওয়ামী লীগের সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলামের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধন করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী

লীগের নির্বাহী সদস্য পারভীন জামান কল্পনা, মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা প্রফেসর আব্দুল মান্নান, সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মক্তিযোদ্ধা জয়নাল আবেদিন, মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক অ্যাড. মিয়াজান আলী, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সহ-সভাপতি অ্যাড. আব্দুস সালাম, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন আহম্মেদ, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সরফরাজ হোসেন মৃদুল, সাবেক আহবায়ক সাজ্জাদুল আনামসহ মেহেরপুর জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন আওয়ামী লীগের নেতা কর্মীরা।

এর আগে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে বি এম মোজাম্মেল হক জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দলীয় পতাকা উত্তোলন করেন। জাতীয় পতাকা উত্তোলন শেষে সেখানে শান্তির প্রতিক কবুতর অবমুক্ত করা হয়।

উল্লেখ্য, ২০০৩ সালের ৭ আগস্ট মেহেরপুর শহর আওয়ামী লীগের সর্বশেষ ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

গাংনীতে বাল্য বিয়ের অপরাধে বর ও কণের পিতার জেল জরিমানা

মেহেরপুরের গাংনীতে সপ্তম শ্রেনীর এক স্কুল ছাত্রিকে বিয়ে করার অপরাধে বর ও কনের পিতার (জামাই শশুর) জেল ও জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।